

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ০০১. ২০১৫-২৭২

তারিখঃ ২৬.০২.২০১৬


বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ক্রিমিনাল মিস্‌সিলিনিয়াস কেস নং-৫০৪৯৫/২০১৪ সর্বশেষ অবস্থা অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্পের গত ১৪-১২-২০১৫খ্রিঃ তারিখের ৩৭৫ সংখ্যক স্মারক।

বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ক্রিমিনাল মিস্‌সিলিনিয়াস কেস নং-৫০৪৯৫/২০১৪নং মামলায় সারাদেশের জন্ম নিবন্ধন রেজিস্ট্রারের যাবতীয় অসঙ্গতি দূর করে তা যথাযথভাবে রক্ষণাবেক্ষণ এবং এতদবিষয়ে একটি প্রতিবেদন বিজ্ঞ আদালতে উপস্থাপনের জন্য এ বিভাগের সচিব মহোদয়কে নির্দেশ প্রদান করা হয়েছে। মাননীয় হাইকোর্ট বিভাগের উক্ত নির্দেশনা মোতাবেক জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্পের প্রকল্প পরিচালককে আইবায়ক, এ বিভাগের যুগ্মসচিব (ম ও মৃ) ও যুগ্মসচিব (ইপ) কে সদস্য করে ইতোমধ্যে তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি নারায়ণগঞ্জ জেলাধীন সদর উপজেলার এনায়েতনগর ইউনিয়ন পরিষদের জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক একটি প্রতিবেদন এ বিভাগে দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, ক্রিমিনাল মিস্‌সিলিনিয়াস কেস নং-৫০৪৯৫/২০১৪ এর গত ১২-১১-২০১৫ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের কপি সংগ্রহপূর্বক মামলাটির সর্বশেষ অবস্থা এ বিভাগকে অবহিত করার জন্য প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।


(মোঃ শশান আলী রাজা বাঙালী)
উপসচিব
৯৫৪০৯৯৫

জনাব শফিক মাহমুদ (পুস্প)
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। প্রকল্প পরিচালক, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প, কেন্দ্রীয় পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
- ০৩। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৫। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৮। সহকারী কম্পিউটার প্রোগ্রামার (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।